

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৪১

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ দ্বিতীয় হাদীস যা অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, মাস হয়তো ২৯ দিনে হয়; ৩০ দিনে হয় না!

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُوهِمُ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّ تَمَامَ الشَّهْرِ تِسْعٌ وَعِشْرُونَ دُونَ أَنْ يَكُونَ ثَلَاثِينَ

#### আরবী

# يَكُونَ ثَلَاثِينَ

3441 \_ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّتَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدِ حَدَّتَنَا أَبُو مُعَاوِيَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي مُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (كَمْ مِنَ الشَّهْرِ؟ ) \_ يَعْنِي رَمَضَانَ \_ قُلْنَا: ثِنْتَانِ وَعِشْرُونَ وَبَقِيَ ثَمَانٍ , قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَضَتْ ثِنْتَانِ وَعِشْرُونَ وَيَقِيَ سَبْعٌ فَاطْلُبُوهَا اللَّيْلَةَ) ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الشَّهْرُ هَكَذَا وَهَكَذَا) ثَلَاثَ مَرَّاتٍ عشرة عشرة مرتين وواحدة تسعة الراوي : أَبُو هُرَيْرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الصان على صحيح ابن حبان الصان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1441 اخلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 1441 المصدر علي داود))

#### বাংলা

৩৪৪১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "রমযান মাসের কতদিন বাকী আছে?" আমরা বললাম, "২২ দিন চলে গেছে আর ৮ দিন আছে।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "না। বরং ২২ দিন গত হয়েছে আর ৭ দিন বাকী আছে। কাজেই তোমরা লাইলাতুল কদর আজ রাতে অম্বেষণ করবে।" তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "এই মাস এতো এতো দিনে।"(হাতের আঙ্গুল দিয়ে) দশ, দশ করে দুইবার, আরেকবার নয় দেখান (অর্থাৎ ২৯ দিন)।"[1]



### ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৫১; ইবনু মাজাহ: ১৬৫৬; সুনান বাইহাকী: ৪/৩১০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০০৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন